গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/২৭ মে,২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৮২-আইন/২০২৫ /৩১০-মূসক।-জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন,২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম ও প্রবর্তন।**- (১) এই বিধিমালা উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) **"আইন"** অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ ধারা নং আইন) ;

(খ) **"উৎসে কর্তনকারী সত্তা"** অর্থ কোনো সরকার বা উহার কোনো মন্ত্রণালয়, বিভাগ, বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরুপ আর্থিক প্রতিষ্ঠান, মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান, কোনো লিমিটেড কোম্পানি এবং দশ কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাবে;

(গ) **"পণ"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৫৯) এ সংজ্ঞায়িত পণ;

(ঘ) **"ফরম"** অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২ এর দফা (জ) এ সংজ্ঞায়িত ফরম;

(ঙ) **"বোর্ড"** অর্থ National Board of Revenue Order, 1972 (P.O. No. 76 of 1972) এর অধীন গঠিত জাতীয় রাজস্ব বোর্ড; এবং

(চ) **"যোগানদার"** অর্থ কোটেশন বা দরপত্র বা কার্যাদেশ বা অন্যবিধভাবে কোনো উৎসে কর্তনকারী সত্তার নিকট পণের বিনিময়ে আইনের প্রথম তফসিল দ্বারা অব্যাহিতপ্রাপ্ত সরবরাহ ব্যতীত অন্য যে কোনো পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইন এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **যেসব ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে।**- (১) টেন্ডার, চুক্তি, কার্যাদেশ বা অন্যবিধভাবে সরবরাহের ক্ষেত্রে নিম্নের টেবিলে বর্ণিত কলাম (২) এ উল্লিখিত সেবার কোডের বিপরীতে, কলাম (৩) এ বিধৃত সেবার ক্ষেত্রে কলাম (৪) এ উদ্ধৃত হারে মূসক চালানপত্র থাকুক বা না থাকুক আবশ্যিকভাবে উৎসে কর্তনকারী সত্তা কর্তৃক উৎসে মূসক কর্তন করিতে হইবে; যথা:-

টেবিল

ক্রমিক নং	সেবার কোড	সেবার বিবারণ	মূসক উৎসে কর্তনের হার
(১)	(২)	(৩)	(৪)
০১.	S০০১.১০	এসি হোটেল	১৫%
	S০০১.১০	নন এসি হোটেল	১০%
	S০০১.২০	রেস্তোরাঁ (বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদূর্ধ্ব মানের আবাসিক হোটেল অবস্থিত রেস্টুরেন্ট, মদের বার সম্বলিত হোটেল অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত)	৫%
০২.	S০০২.০০	ডেকোরেটর্স ও ক্যাটারার্স	১৫%
০৩.	S০০৩.১০	মোটর গাড়ি গ্যারেজ ও ওয়ার্কসপ	১০%
০৪.	S০০৩.২০	ডকইয়ার্ড	১৫%
০৫.	S০০৪.০০	নির্মাণ সংস্থা	১০%
০৬.	S০০৭.০০	বিজ্ঞাপনী সংস্থা	১৫%
০৭.	S০০৮.১০	ছাপাখানা	১৫%
০৮.	S০০৯.০০	নিলামকারী সংস্থা	১৫%
০৯.	S০১০.১০	ভূমি উন্নয়ন সংস্থা	২%

Md. Hazrat Ali
Manager (VAT & Tax), Matador Group

১০.	S০১০.২০	ভবন নির্মাণ সংস্থা	ক) ১-১৬০০ বর্গফুট পর্যন্ত	২%
			খ) ১৬০১ বর্গফুট হইতে তদূর্ধ্ব	৪.৫%
			গ) যে কোন সাইজের পুনঃ রেজিস্ট্রেশনের ক্ষেত্রে	২%
১১.	S০১৪.০০	ইন্ডেন্টিং সংস্থা		১৫%
১২.	S০১৫.১০	ফ্রেইট ফরোয়ার্ডার্স		১৫%
১৩.	S০১৭.০০	কম্যুনিটি সেন্টার		১৫%
১৪.	S০২০.০০	জরিপ সংস্থা		১৫%
১৫.	S০২১.০০	প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা		১৫%
১৬.	S০২৪.০০	আসবাবপত্রের বিপণন কেন্দ্র	(ক) আসবাবপত্রের উৎপাদক (উৎপাদক কারখানা হইতে সরাসরি ভোক্তার নিকট সরবারহ করিলে মূসক হার ১৫%)	৭.৫%
			(খ) আসবাবপত্রের বিপণন কেন্দ্র (উৎপাদন পর্যায়ে ৭.৫%মূসক পারশোধের চালান থাকা সাপেক্ষে অন্যথায় মূসক হার ১৫%)	৭.৫%
১৭.	S০২৮.০০	কুরিয়ার (Courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিস		১৫%
১৮.	S০৩১.০০	পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা		১৫%
১৯.	S০৩২.০০	কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজরি ফার্ম		১৫%
২০.	S০৩৩.০০	ইজারাদার		১৫%
২১.	S০৩৪.০০	অডিট এন্ড একাউন্টিং ফার্ম		১৫%
২২.	S০৩৭.০০	যোগানদার (Procurement Provider)		১০%
২৩.	S০৪০.০০	সিকিউরিটি সার্ভিস		১৫%
২৪.	S০৪৩.০০	টেলিভিশন ও অনলাইন সম্প্রচার মাধ্যমে অনুষ্ঠান সরবরাহকারী		১৫%
২৫.	S০৪৫.০০	আইন পরামর্শক		১৫%
২৬.	S০৪৮.০০	পরিবহন ঠিকাদার	(ক) পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহনের ক্ষেত্রে	৫%
			(খ) অন্যান্য পণ্য পরিবহনের ক্ষেত্রে	১৫%
২৭.	S০৪৯.০০	যানবাহন ভাড়া প্রদানকারী		১৫%
২৮.	S০৫০.১০	আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর		১৫%
২৯.	S০৫০.২০	গ্রাফিক ডিজাইনার		১৫%
৩০.	S০৫১.০০	ইঞ্জিনিয়ারিং ফার্ম		১৫%
৩১.	S০৫২.০০	শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী		১৫%
৩২.	S০৫৩.০০	বোর্ড সভায় যোগদানকারী		১৫%
৩৩.	S০৫৪.০০	উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী		১৫%
৩৪.	S০৫৮.০০	চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী		১৫%
৩৫.	S০৬০.০০	নিলামকৃত পণ্যের ক্রেতা		১৫%
৩৬.	S০৬৫.০০	ঝবন, মেঝে ও অংগন পরিস্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা		১৫%
৩৭.	S০৬৬.০০	লটারির টিকিট বিক্রয়কারী		১৫%
৩৮.	S০৬৭.০০	ইমিগ্রেশন উপদেষ্টা		১৫%
৩৯.	S০৭১.০০	অনুষ্ঠান আয়োজক		১৫%
৪০.	S০৭২.০০	মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান		১৫%
৪১.	S০৮৩.০০	সেমিকন্ডাক্টর এসেম্বলি, টেস্টিং ও প্যাকেজিং সেবা এস.আর.ও. নং-১৪০-আইন/২০২৬/৩৪৫-মূসক		১৫%
৪২.	S০৯৯.১০	তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)		৫%
৪৩.	S০৯৯.২০	অন্যান্য বিবিধ সেবা		১৫%
৪৪.	S০৯৯.৩০	স্পন্সরশীপ সেবা (Sponsorship Services)		১৫%
৪৫.	S০৯৯.৫০	ক্রেডিট রেটিং এজেন্সি		১৫%

Md. Hazrat Ali
Manager (VAT & Tax), Matador Group

(২) অনিবন্ধিত ব্যক্তি কর্তৃক সেবা আমদানির ক্ষেত্রে,বাংলাদেশের বাহিরে অবস্থিত অনাবাসিক ব্যক্তির নিকট সেবামূল্য পরিশোধের সময় সংশ্লিষ্ট ব্যাংক ১৫(পনেরো) শতাংশ হারে উৎসে মূসক আদায় বা কর্তন করিয়া আদায়কৃত মূসক ব্যাংকের সংশ্লিষ্ট কর মেয়াদের মূসক দাখিলপত্রে বৃদ্ধিকারী সমন্বয় সাধন করিবে।

(৩) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সেবা আমদানির ক্ষেত্রে, ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক সরকারি কোষাগারে জমা প্রদান কুরিয়া ট্রেজারি চালানের অনুলিপি ব্যাংকে দাখিল করিলে ব্যাংক উৎসে কর্তন বা আদায় ব্যতীত অনাবাসিক ব্যক্তির প্রাপ্য অর্থ পেরণ করিবে, তবে,ট্রেজারি চালান না থাকিলে বা প্রদেয় মূসক কম প্রদত্ত হইলে অপরিশোধিত মূসক ব্যাংক উৎসে কর্তন বা আদায় করিবে এবং আদায়কারী ব্যাংক সংশ্লিষ্ট কর মেয়াদের মূসক দাখিলপত্রে বৃদ্ধিকারী সমন্বয় সাধন করিবে।

(৩ক) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সেবা আমদানির ক্ষেত্রে, আমদানিকারক আইনের ধারা ২০ ও ৪৬ মোতাবেক সংশ্লিষ্ট কর মেয়াদের মূসক দাখিলপত্রে "উৎপাদ কর" এবং "উপকরণ" কর হিসেবে প্রদর্শন করিবে এবং ১৫(পনেরো) শতাংশ হারে মূসক ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাকৃত অর্থ দাখিলপত্রের অংশ-৯ এর নোট ৫৮ এ জমাকৃত মূসক হিসেবে প্রদর্শন করিবে:

তবে শর্ত থাকে যে, আইনের ধারা ৪৬ মোতাবেক যে সকল ক্ষেত্রে রেয়াত প্রযোজ্য নয় সেই সকল ক্ষেত্রে "উপকরণ কর" হিসেবে প্রদর্শন করা যাইবে না। এবং

(৪) সরকারি, আধা-সরকারি,স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং স্থানীয় কর্তৃপক্ষ বা যে কোনো লাইসেন্স, পারমিট বা রেজিষ্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্স, রেজিষ্ট্রেশন বা পারমিট প্রদান বা নবায়নকালে বা, ক্ষেত্র বিশেষ, কোনো সুবিধা সৃষ্টিকারী সেবার ক্ষেত্রে উক্তরূপ সুবিধা গ্রহনকারী ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ (পনেরো) শতাংশ হারে উৎসে মূসক আদায় করিবে। এ ছাড়া, প্রদত্ত লাইসেন্স, রেজিষ্ট্রেশন পারমিটে উল্লিখিত শর্তের আওতায় রাজস্ব বন্টন (Revenue sharing), রয়্যালটি, কমিশন, চার্জ, ফি বা অন্য কোনোভাবে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ (পনেরো) শতাংশ হাহের উৎসে মূসক আদায় করিতে হইবে।

(৫) স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী সেবার ক্ষেত্রে ভাড়া গ্রহণকারী কর্তৃক এ-চালান বা ই-পেমেন্টের মাধ্যমে ভাড়ার উপর ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক পরিশোধ করিতে হইবে এবং সেবা গ্রহণকারী কর্তৃক দাখিলপত্র প্রদানকালে পরিশোধিত মূসকের প্রমাণক দাখিলপত্রের ট্রেজারি জমার নির্দিষ্ট অংশে প্রদর্শন করিতে হইবে। এস.আর.ও. নং-১৪০-আইন/২০২৬/৩৪৫-মূসক

৪। যোগানদারের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন।- (১) প্রজ্ঞাপন দ্বারা অব্যাহতিপ্রাপ্ত কোনো পণ্য বা সেবা যোগানদার কর্তৃক সরবরাহ প্রদানের ক্ষেত্রে যোগানদার সেবা হিসাবে সরবরাহ গ্রহণকারীকে উৎসে মূসক কর্তন করিতে হইবে; তবে, প্রজ্ঞাপনে যোগানদার হিসাবে পৃথকভাবে অব্যাহতিপ্রাপ্ত সেবা উক্ত কর্তনের আওতা বহির্ভূত হইবে।

(২) উৎপাদক হিসাবে নিবন্ধিত ব্যতীত অন্য সকল ব্যক্তি যাহারা উৎসে কর্তনকারী সত্তার নিকট কোটেশন বা দরপত্র বা কার্যাদেশ বা অন্যবিধভাবে পণ্য বা সেবা সরবরাহ করেন তাহারা যোগানদার হিসাবে বিবেচিত হইবে, তবে শর্ত থাকে যে, যেই সকল সেবার সুনির্দিষ্ট সংজ্ঞা রহিয়াছে সেই সকল সেবা যোগানদার হিসাবে গণ্য হইবে না এবং কোন ব্যবসায়ী ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক পরিশোধপূর্বক পণ্য সরবরাহ করিলে যোগানদার হিসেবে বিবেচিত হইবে না। এস.আর.ও. নং-১৪০-আইন/২০২৬/৩৪৫-মূসক

৫। **যেই সকল ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।-** নিম্নলিখিত ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না, যথা:-

(ক) উৎপাদনকারী ১৫ (পনেরো) শতাংশ হারে বা হ্রাসকৃত হারে বা সুনির্দিষ্ট কর আরোপিত রহিয়াছে এইরূপ কোনো পণ্য উক্ত হার বা সুনির্দিষ্ট কর উল্লেখপূর্বক ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে সরবরাহ করিলে;

(খ) কোন ব্যবসায়ী ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে ১৫ (পনেরো) শতাংশ মূসক হার উল্লেখপূর্বক পণ্য সরবরাহ করিলে:
তবে শর্ত থাকে যে ,উক্ত ক্ষেত্রে ব্যবসায়ী কর্তৃক সর্বশেষ অর্থ -বৎসরে eVAT হইতে প্রাপ্ত নিয়মিত দাখিলপত্র পেশ সংক্রান্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র সরবরাহ গ্রহীতার নিকট দাখিল করিতে হইবে;
আরো শর্ত থাকে যে, যৌক্তিক কারণে উক্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র দাখিল করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট হইতে প্রাপ্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র সরবরাহ গ্রহীতার নিকট দাখিল করিতে হইবে;

(গ) বিধি (৩) এর উপ-বিধি (১) এর টেবিলে উল্লিখিত সেবা ব্যতীত অন্য কোনো সেবার ক্ষেত্রে সেবা সরবরাহকারী ফরম মূসক-৬.৩ এর মাধ্যমে সেবা সরবরাহ করিলে;

(ঘ) জ্বালানি তেল, গ্যাস, পানি (ওয়াসা), বিদ্যুৎ, টেলিফোন, মোবাইল ফোন পরিষেবার বিল পরিশোধের ক্ষেত্রে;

(ঙ) আইনের প্রথম তফসিলে উল্লিখিত পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহের ক্ষেত্রে;

(চ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২১ এর আওতায় শূন্যহার বিশিষ্ট সরবরাহের ক্ষেত্রে;

(ছ) বিধি (৩) এর উপ-বিধি (১) এর টেবিলে উল্লিখিত বিজ্ঞাপনী সংস্থা এবং টেলিভিশন ও অনলাইন সম্প্রচার মাধ্যমে অনুষ্ঠান সরবরাহকারী শীর্ষক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের রাজস্ব কর্মকর্তা বা সহকারী রাজস্ব কর্মকর্তা কর্তৃক প্রত্যয়িত ফরম মূসক-৬.৩ প্রদান করিলে;

(জ) আসবাবপত্রের উৎপাদক ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক প্রদর্শনপূবক স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের রাজস্ব কর্মকর্তা বা সহকারী রাজস্ব কর্মকর্তা কর্তৃক প্রত্যয়িত ফরম মূসক-৬.৩ প্রদান করিলে;

(ঝ) Electronic Fiscal Device (EFD)/ Sales Data Controller (SDC)/ Public Key Infrastructure (PKI)/Point of Sales (POS) হইতে ইস্যূকৃত মূসক চালানপত্রে (ফিসক্যাল রিসিট) সরবরাহ গ্রহীতার নাম ও নিবন্ধন নম্বর উল্লেখ থাকা সাপেক্ষে;

(ঞ) ব্যবসায়ীর নিকট হইতে দেশীয় ঔষধ ক্রয়ের ক্ষেত্রে; এবং

(ট) নিবন্ধিত স্টার্টআপ প্রতিষ্ঠান কর্তৃক যে কোন সরবরাহ। এস.আর.ও. নং-১৪০-আইন/২০২৬/৩৪৫-মূসক

৬। **উৎসে মূসক কর্তনকারীর করণীয়**।-(১) আইনের প্রথম তফসিলের সরবরাহ ব্যতীত সরবরাহকারী কর চালান পত্র (ফরম মূসক -৬.৩) জারি না করিলে, উৎসে কর কর্তনকারী সত্তা সরবরাহকারীর নিকট হইতে কোনো সরবরাহ গ্রহণ করিবে না এবং সরবরাহকারীকে উক্ত সরবরাহের বিপরীতে কোনো মূল্য পরিশোধ করিবে না :

তবে শর্ত থাকে যে, সরবরাহ গ্রহীতা, প্রযোজ্য ক্ষেত্রে, তালিকাভুক্ত নহে বা অনিবন্ধিত এইরূপ কোনো ব্যক্তির নিকট হইতে সরবরাহ গ্রহণ করিয়া থাকিলে প্রযোজ্য মূসক পরিশোধে সরবরাহ গ্রহীতা দায়ী থাকিবেন।

Md. Hazrat Ali
Manager (VAT & Tax), Matador Group

(২) উৎসে মূসক কর্তনকারী সত্তা বা সরবরাহ গ্রহীতা নিবন্ধিত হইলে-

(ক) সরবরাহ গ্রহীতা উৎসে কর্তনকৃত বা আদায়কৃত মূসক পণ পরিশোধ সংশ্লিষ্ট কর মেয়াদের দাখিলপত্রে বৃদ্ধিকারী সমন্বয় করিবেন:

(খ) উৎসে মূসক কর্তনকারী সত্তা দাখিলপত্র দাখিল করার ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম "মূসক-৬.৬" এ তিন প্রস্থে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া উহার মূলকপি সংশ্লিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।

(৩) উৎসে মূসক কর্তনকারী সত্তা বা সরবরাহ গ্রহীতা মূসক নিবন্ধিত না হইলে সরবরাহকারীকে পণ পরিশোধের ১৫ (পনেরো) দিনের মধ্যে উৎসে কর্তিত মূসক নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারী কোষাগারে জমা প্রদান পূর্বক ৩(তিন) কার্যদিবসের মধ্যে ফরম "মূসক-৬.৬" এ তিন প্রস্থে উৎসে কর কর্তন সনদ পত্র ইস্যু করিয়া উহার মূলকপি ও ট্রেজারি চালানের মূলকপি সংশ্লিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি ৫(পাঁচ) বৎসর সংরক্ষণ করিবেন। একটি ট্রেজারি চালানের বিপরীত পৃষ্ঠায় অথবা আলাদা কাগজে বিস্তারিত break-up উল্লেখ করিতে হইবে।

(৪) উৎসে কর্তনকারী নিবন্ধিত না হইলে উৎসে কর্তিত মূসক তাহার সংশ্লিষ্ট স্থানীয় মূসক সার্কেলের আর্থনৈতিক কোডে জমা প্রদান করিবেন । এ-চালানের মাধ্যমে জমা প্রদানের ক্ষেত্রে http://ibas.finance.gov.bd ওয়েব এড্রেস হতে সংশ্লিষ্ট মূসক সার্কেল এবং অর্থনৈতিক কোড "সংশ্লিষ্ট সার্কেল কোড/১১০০০০০০০/১১০০১০০০/১১৪১১০১" সিলেক্ট করিতে হইবে। এলটিইউ(মূসক) কমিশনারেট এর অধীন জমা প্রদানের ক্ষেত্রে বৃহৎ করদাতা ইউনিট(মূসক) ও অর্থনৈতিক কোড ১১১০২০৪১০২০২৫ সিলেক্ট করিতে হইবে। এ-চালানের মাধ্যমে অর্থ জমা প্রদানের ক্ষেত্রে প্রথমে উল্লিখিত ওয়েব এড্রেস গিয়ে এনবিআর এর জমা অপশনে ক্লিক করিয়া মূসক অপশন বাছাই করিবার পর বিআইএন নম্বর এন্ট্রি করিতে হইবে ও সারচার্জ এর ধরণ বক্সে দেশজ পণ্য ও সেবার উপর মূসক -VAT on domestic Products and services সিলেক্ট করিতে হইবে। পরবর্তী ক্রমিকে টাকার পরিমাণ উল্লেখ করিয়া ok বাটনে ক্লিক করিতে হইবে, এইভাবে ক্রমিক-২ এর তথ্য প্রদান সম্পন্ন হইবে। এ-চালানের শুরুতে সংশ্লিষ্ট কমিশনারেট বাছাই করিতে হইবে এবং ক্রমিক-১ এ সংশ্লিষ্ট স্থানীয় মূসক সার্কেল সিলেক্ট করিতে হইবে। ক্রমিক -৩ এ যে ব্যক্তি/প্রতিষ্ঠানের পক্ষে অর্থ জমা দেওয়া হইতেছে তাহার ধরণ সিলেক্ট করিতে হইবে এবং টিআইএন বা বিআইএন নম্বর দিয়ে check বাটন ক্লিক করিলে এবং নম্বর সঠিক থাকিলে সংশ্লিষ্ট টিআইএন /বিআইএন তথ্য উদ্ধার সফলভাবে সম্পন্ন হইয়াছে লেখা আসিবে। অতঃপর যার মাধ্যমে অর্থ জমা দেওয়া হইতেছে তার জন্ম নিবন্ধন পত্র /টিআইএন /জাতীয় পরিচয় পত্র /অন্যান্য অপশন সিলেক্ট করিয়া তাহার নম্বর এন্ট্রি দিয়া পুনরায় check বাটনে ক্লিক করিয়া পরিচয় নিশ্চিত হইতে হইবে। ক্রমিক -৪ এ যেই ব্যাক্তি/ প্রতিষ্ঠানের পক্ষে অর্থ জমা দেওয়া হইতেছে তাহার মোবাইল নম্বর ও ইমেইল এড্রেস এন্ট্রি দিতে হইবে। ক্রমিক নং-৫ এ অর্থ পরিশোধের ধরণ নির্বাচন করিতে হইবে এবং মন্তব্য থাকিলে তাহা লিপিবদ্ধ করিতে হইবে। অনলাইনের মাধ্যমে অর্থ পরিশোধ করিতে চাহিলে সাথে সাথে পরিশোধ করিয়া চালান নম্বরসহ এ-চালানের কপি জেনারেট হইবে যাহা সেভ করিয়া বা কপি প্রিন্ট করিয়া ব্যবহার করা যাইবে। সরাসরি ব্যাংকে অর্থ পরিশোধ করিতে চাহিলে ব্যাংক কাউন্টারে জমা সিলেক্ট করিয়া SAVE বাটনে ক্লিক করিয়া সেভ করিবার পর অর্থ জমা গ্রহন স্লিপ এর দুইটি প্রিন্ট কপিসহ ব্যাংকে টাকা জমা দিতে হইবে। ব্যাংকে টাকা পরিশোধ করার পর চালান নম্বরসহ এ-চালানের একটি প্রিন্ট কপি ব্যাংক কতৃক প্রদান করা হইবে। ই-পেমেন্ট এর ক্ষেত্রে htt://nbr.sblesheba.com ওয়েব এড্রেস হইতে VAT Payment সিলেক্ট করিতে হইবে এবং যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের অর্থ জমা করিতে হইবে তাহার বিআইএন নম্বর, নাম ঠিকানা, কমিশনাওঁ, মোবাইল নম্বর, ইমেইল নম্বর, ট্যাক্স টাইপ : VAT on domestic Products and & Servies এবং Purpose এ VDS সিলেক্ট করিতে হইবে। অতঃপর Option বাটন হইতে Single/Multiple Select করিতে হইবে এবং VDS BIN এন্ট্রি দিয়ে VAT Amount লিখে Next ক্লিক করিবার পর পেমেন্ট অপশন সিলেক্ট করিয়া পেমেন্ট সম্পন্ন করিবার পর একটি ই-স্লিপ জেনারেট হইবে যাহা ট্রেজারি চালান হিসাবে ব্যবহার করিতে হইবে।

(৫) উৎসে কর্তনকারী সত্তাসমূহের মধ্যে যে সকল সত্তার লেনদেন বা তৎসংক্রান্ত বিল হিসাবরক্ষণ কর্মকর্তা কতৃক নিস্পত্তি হয়, তাহাদের উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও সরকারী কোষাগারে পরিশোধ সংক্রান্ত কার্যক্রম সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা কতৃক সম্পাদিত হইবে।

(৬) উৎসে কর্তনকারী সত্তা হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট দাখিলকৃত বিলে, যাহার অনুকূলে বিল অনুমোদন করা হইয়াছে তাহার নাম ও ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা উল্লেখ করিবেন এবং উল্লিখিত বিল পরিশোধের জন্য অনুমোদিত হইলে হিসাবরক্ষণ কর্মকর্তা উহা হইতে প্রযোজ্য মূল্য সংযোজন কর কর্তন করিয়া বুক ট্রান্সফার বা অন্যবিধ স্বীকৃত পদ্ধতিতে সরকারী কোষাগারে জমা করিবেন।

(৭) হিসাবরক্ষণ কর্মকর্তা বিল পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৩৮(৪) মোতাবেক ব্যবস্থা গ্রহণ করিবেন।

৭। সরবরাহকারীর করণীয়।- (১) সরবারহকারীকে পণ্য বা সেবা সরবরাহকালে ফরম "মূসক-৬.৩" এ কর চালানপত্র ইস্যু করিতে হইবে।

(২) দাখিলপত্র ফরম "মূসক-৯.১" এর "অংশ-৩: সরবরাহ প্রদান-প্রদেয় কর" এ মূল্য এবং মূসকের পরিমাণ বা সুনির্দিষ্ট করের পরিমাণ উল্লেখ করিতে হইবে।

(৩) উৎসে কর্তনকারী সত্তার নিকট হইতে ফরম "মূসক-৬.৬" এ উৎসে মূসক কর্তন সনদপত্র প্রাপ্তি সাপেক্ষে দাখিলপত্রে উৎসে কর্তনকৃত মূসকের সমপরিমাণ হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিতে পারিবেন।

(৪) যে কর মেয়াদে কোনো সরবরাহের বিপরীতে মূল্য পরিশোধপূর্বক ফরম "মূসক-৬.৬" এ প্রত্যয়নপত্র জারি করা হয়, সেই কর মেয়াদে বা সেই কর মেয়াদের পরবর্তী ৬ (ছয়) কর মেয়াদের মধ্যে উক্ত সমন্বয় সাধন করিতে হইবে এবং উক্ত সময়ের পর সমন্বয় দাবি তামাদি হইবে।

Md. Hazrat Ali
Manager (VAT & Tax), Matador Group

৮। উৎসে কর কতৃনের বাধ্যবাধকতা, ইত্যাদি।-(১) উৎসে কর কর্তনকারী সত্তা এবং সরবরাহকারী উৎসে কর কর্তন এবং সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য যৌথ ও পৃথকভাবে দায়ী থাকিবে।

(২) উৎসে কর্তনের দায়িত্ব থাকা সত্ত্বেও উৎসে মূসক কর্তন করা না হইলে, আইনের ধারা ৮৫ এর উপ-ধারা (১ক) এবং ধারা ১২৭ এর বিধান অনুযায়ী মূল্য সংযোজন কর কর্তনকারী ব্যক্তি, কর্তিত মূল্য সংযোজন কর জমা প্রদানে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নির্বাহী কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৯। বিবিধ।- (১) কেন্দ্রীয় নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহের শাখা বা বিক্রয়কেন্দ্র তাহাদের কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত ইউনিটের মাধ্যমে স্থান ও স্থাপনা ভাড়ার বিপরীতে পরিশোধিত মূসকসহ উৎসে কর্তিত মূসক জমা প্রদান করিবে।

(২) একটি সরবরাহের মধ্যে একাধিক উপাদান থাকিবার কারণে উৎসে মূসক কর্তন নিয়ে জটিলতার সৃষ্টি হয়। এইরুপ ক্ষেত্রে টেন্ডার, কোটেশন বা বিলে সরবরাহের উপাদানসমূহ ও প্রতিটি উপাদানের বিপরীতে মূল্য আলাদাভাবে উল্লেখ করিতে হইবে এবং প্রতিটি উপাদানের বিপরীতে প্রযোজ্য হারে মূসক উৎসে কর্তন করিতে হইবে।

(৩) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ কার্যকর হইবার পূর্বে চুক্তিবদ্ধ কিন্তু মূল্য পরিশোধিত হয় নাই এমন সরবরাহের ক্ষেত্রে পরিশোধকালীন সময়ের বিধান প্রযোজ্য হইবে।

১০।রহিতকরণ ও হেফাজত।-(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ এতদ্বারা রহিত হইবে।

(২) উক্তরুপ রহিতকরণ সত্ত্বেও রহিত বিধিমালার অধীন কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে

Arranged by,
Md. Hazrat Ali
Manager (VAT & Tax), Matador Group
Income Tax Lawyer
Member, Bangladesh VAT Professionals Forum (BVPF)
Member, The Foundation of Chartered Taxation of Bangladesh (FCTB
[BBS (Hons), MBS (Accounting), PGDTM (DIU), CMA-BL (ICMAB), ITP]

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(ড. মো: আবদুর রউফ)
সদস্য (মূসক নীতি)